শিক্ষার্থীরা টিকা নেওয়ার পর খোলা হবে বিশ্ববিদ্যালয় : শিক্ষামন্ত্রী

চেম্বার ডেস্ক :: শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জানিয়েছেন, টিকা দেওয়ার পর শিক্ষার্থীদের সরাসরি উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রম শুরু হবে। আজ বৃহস্পতিবার স্পিকার জাতীয় সংসদের অধিবেশনে এ সংক্রান্ত প্রশ্নের উত্তরে তিনি এ কথা জানান।

তিনি আরও জানান, প্রধানমন্ত্রীর নির্দেশনায় বিশ্ববিদ্যালয়ের সকলকে অগ্রাধিকারভিত্তিতে খুব তাড়াতাড়ি করোনাভাইরাসের টিকার আওতায় নিয়ে আসা হবে। টিকা প্রদানের কর্মসূচি শুরু হবে হলের আবাসিক শিক্ষার্থীদের দিয়ে। টিকা প্রদানের পর হলগুলো খুলে দেওয়া হবে। এরপরই বিশ্ববিদ্যালয়ের সরাসরি পাঠদান শুরু হবে।